বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

**একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে**

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.০৬.০৩৭.১৯-৪৬১

তারিখঃ ০২ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
১৮ অক্টোবর, ২০২৩ খ্রিঃ

# দপ্তরাদেশ

পানি সম্পদ মন্ত্রণালয় এর স্মারক নং ৪২.০০.০০০০.০৩৫.২৪.১০০.১৭.৩০৫, তারিখ ১৮/০৯/২০২৩ খ্রিঃ মোতাবেক "মুহুরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য Management-Irrigation Management Operator (M-IMO) ব্যবস্থাপনা পরিষদ গঠন ও মুহুরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) গাইডলাইন" অনুমোদন প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে উক্ত গাইডলাইনের অনুচ্ছেদ ৫.১ এর আলোকে নিম্নোক্ত ৯ (নয়) জন কর্মকর্তাগণের সমন্বয়ে মুহুরী সেচ প্রকল্পের জন্য M-IMO ব্যবস্থাপনা পরিষদ গঠন করা হলো।

| ক্রমিকনং | নাম ও পদবী | পদ |
|---|---|---|
| ০১. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী | সভাপতি |
| ০২. | নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী | সদস্য |
| ০৩. | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, ফেনী | সদস্য |
| ০৪. | মুহুরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচিত সভাপতি) | সদস্য |
| ০৫. | মুহুরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচিত সচিব) | সদস্য |
| ০৬. | মুহুরী পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (নির্বাচিত প্রতিনিধি-১ জন) | সদস্য |
| ০৭. | মহাব্যবস্থাপক, পল্লী বিদ্যুৎ সমিতি, ফেনী | সদস্য |
| ০৮. | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফেনী | সদস্য |
| ০৯. | নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) | সদস্য-সচিব |

**ব্যবস্থাপনা পরিষদের কার্য পরিধিঃ**

অনুমোদিত গাইডলাইনে বর্ণিত M-IMO ব্যবস্থাপনা পরিষদ এর দায়িত্বসমূহ:

ক) বাপাউবো- এর উপযুক্ত কর্তৃপক্ষের সাথে আলোচনাপূর্বক মুহুরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য M-IMO সংক্রান্ত চুক্তি সম্পাদন করবে। অনুমোদিত গাইডলাইন ও প্রণীত O&M ম্যানুয়াল অনুসরণ করবে।

খ) M-IMO এর সাথে M-IMO ব্যবস্থাপনা পরিষদ আলোচনার মাধ্যমে মাসিক, ষাণ্মাসিক ও বার্ষিক রির্পোট প্রণয়ন ও বাপাউবো'র নিকট প্রেরণ করবে।

গ) প্রি-পেইড মিটার, সার্ভার সিস্টেম, ভূ-গর্ভস্থ পাইপলাইন ও পাম্পিংসিস্টেম অক্ষুণ্ন রেখে সকল সেচ কার্যক্রম পরিচালনা তদারকি করবে।

ঘ) নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) এবং বাপাউবো নিয়োজিত M-IMO Operational টীমের কার্যক্রম তদারকি করবে।

ঙ) M-IMO এর Escrow Account হতে অর্থ আদান- প্রদানেরজন্য M-IMO ব্যবস্থাপনা পরিষদ এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (পুর) (M-IMO) স্বাক্ষর করবে এবং অর্থ আদান-প্রদানের কার্যক্রম তদারকি করবে।

পরের পাতা-২

চ) প্রতিবছর M-IMO ব্যবস্থাপনা পরিষদ কর্তৃক সেচ চার্জ (Water Tariff) মূল্যায়ন ও নির্ধারণ করবে এবং যথাযথ কর্তৃপক্ষ হতে অনুমোদন গ্রহণ করবে।

ছ) M-IMO ব্যবস্থাপনা পরিষদ কর্তৃক প্রকিউরমেন্ট/ ক্রয়সংক্রান্ত কমিটি/ যেকোন স্বতন্ত্র ব্যক্তি যাদেরকে ক্ষমতা প্রদান করা হবে তাদের অবশ্যই অর্পিত দায়িত্ব পালন করতে হবে এবং M-IMO ব্যবস্থাপনা পরিষদ প্রকিউরমেন্ট/ক্রয়সংক্রান্ত কার্যক্রম তদারকি করবে।

জ) আর্থিক ব্যবস্থাপনার সকল কার্যক্রম প্রণয়ন ও বাস্তবায়নের দায়িত্বভার M-IMO ব্যবস্থাপনা পরিষদের পক্ষে নির্বাহীপ্রকৌশলী (পুর) (M-IMO) পালন করবে এবং বাপাউবো/সরকার এর অডিটিং সম্পন্ন করবে এবং প্রণীত অডিট প্রতিবেদনের আলোকে তিনি Follow up action নিশ্চিত করবে। M-IMOব্যবস্থাপনা পরিষদ উক্ত সকল কার্যক্রম তদারকিকরবে।

ঝ) প্রতি তিন মাসে কমপক্ষে একটি সভা করে বার্ষিক কর্মপরিকল্পনা, বাজেট ও বরাদ্দ অনুমোদন করবে। M-IMO Operational টীমের কোন কর্মচারীর পদ শূন্য থাকলে বা অনুপস্থিতিতে তার দায়িত্ব পূর্নবন্টন/ অতিরিক্ত দায়িত্ব প্রদান করতে পারবে।

ঞ) কৃষক ও মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO) মধ্যে সমন্বয় ও যাবতীয় চুক্তি সম্পাদন তদারকি করবে।

ট) প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে প্রকল্পের অনুকূলে কৃষকের অনুদান (৩.০০ টাকা/ শতাংশ) আদায়ের কার্যক্রম চলমান থাকবে এবং উক্ত অনুদান আদায়ের ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া সেচ চার্জের (Water Tariff) অন্তর্ভুক্ত Irrigation Service Charge (ISC) ও কৃষকের অনুদান অনুমোদিত নিয়মের আলোকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সম্মতির ভিত্তিতে ব্যয় নির্বাহ ব্যবস্থাপনা করবে।

ঠ) বাপাউবো- এর উপর্যুক্ত কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে প্রকল্পের ভূ-পরিস্থ পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করবে।

ড) মুহুরী সেচ প্রকল্পের সেচ কার্য পরিচালনার জন্য প্রকল্পের ট্রান্সফরমার, পাম্প/ মোটর, প্রি-পেইড মিটার, সার্ভার সিস্টেম ও ভূ-গর্ভস্থ পাইপলাইনসহ সার্বিক ব্যবস্থাপনা ও নিরাপত্তার জন্য জেলা প্রশাসন/ আইন শৃংখলা বাহিনীর সাথে সমন্বয়ের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করবে।

ঢ) চুক্তির মেয়াদের মধ্যে/ প্রতিবছর বাপাউবো- এর উপযুক্ত কর্তৃপক্ষের সাথে আলোচনাপূর্বক M-IMO এর কর্মদক্ষতা ও পারফরমেন্স মূল্যায়ন ও চুক্তিসংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

ণ) প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে M-IMO কর্মকর্তাগণের দায়িত্বসমূহ আলোচনাপূর্বক পুনঃবন্টন/পুনঃনির্ধারণ করার সুযোগ থাকবে।

ত) প্রকল্পের পরিবেশগত ব্যবস্থাপনা উন্নতকরণের পদক্ষেপ গ্রহণ করবে।

থ) M-IMO Operational টীমের কার্যক্রম তদারকি ও সার্বিক ব্যবস্থাপনার কার্যক্রম গ্রহণ করবে।

বাপাউবো- এর উপযুক্ত কর্তৃপক্ষের সাথে M-IMO ব্যরস্থাপনা পরিষদের চুক্তি সম্পাদনের পর পরিষদের কার্যক্রম কার্যকর হবে।

২। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের আদেশক্রমে দপ্তরাদেশটি জারী করা হলো।

(ওবায়দুল ইসলাম)
পরিচালক (বোর্ড)

পরের পাতা-৩

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.০৬.০৩৭.১৯-৪৬১ তারিখঃ ১৮ অক্টোবর, ২০২৩ খ্রিঃ

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে):

১. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপ-সচিব, উন্নয়ন শাখা-২, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পরিচালক (বোর্ড)

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.০৬.০৩৭.১৯-৪৬১ তারিখঃ ১৮ অক্টোবর, ২০২৩ খ্রিঃ

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে):

১. অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।
২. অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৩. অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৪. অতিরিক্ত মহাপরিচালক , (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী (পুর) , মনিটরিং, বাপাউবো, ঢাকা।
৬. প্রধান প্রকৌশলী, পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
৭. প্রধান প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৮. প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
৯. প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক, আইএমআইপি-এমআইপি, বাপাউবো, ঢাকা।
১১. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী।
১৫. পরিচালক, অর্থ/হিসাব/অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১৬. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৭. নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী।
১৮. উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, ফেনী।
১৯. মহাব্যবস্থাপক, পল্লী বিদ্যুৎ সমিতি, ফেনী।
২০. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফেনী।
২১. মুহরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচিত সভাপতি)।
২২. মুহরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচিত সচিব)।
২৩. মুহরী পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (নির্বাচিত প্রতিনিধি-১ জন)।

১৮.১০.২০২৩

(মোঃ সিরাজুল ইসলাম)
উপ-পরিচালক (বোর্ড)
বাপাউবো, ঢাকা